JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/20/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো হাডসন নদীর পলিক্লোরিনেটেড বায়োফিনাইলস (POLYCHLORINATED BIPHENYLS, PCBS) পরিষ্করণ শেষ না হওয়া নিশ্চিতকারী স্টেট গবেষণা প্রকাশ করলেন

স্টেটের ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) এর পলি ও মাছ পরীক্ষার রিভিউতে দেখা গেছে ড্রেজিং এর পর নদীতে অগ্রহণযোগ্য পরিমাণ PCBs রয়ে গেছে।

স্টেট মার্কিন যুক্তরাষ্ট্রের এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সির (Environmental Protection Agency, EPA) সম্পূর্ণ হওয়ার সনদ (Certificate of Completion) প্রদান না করার দাবি নবায়ন করলো

অবশিষ্ট PCB দূষণ জনস্বাস্থ্য ও পরিবেশের জন্য হুমকির কারণ হয়েই থাকছে, জেনারেল ইলেকট্রিক (General Electrics, GE) এর সংশোধন ব্যবস্থা পরিষ্করণ লক্ষ্যে পৌঁছাতে ব্যর্থ

গভর্নর অ্যান্ড্রু এম.কুওমো আজকে নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশনের একটি গবেষণা প্রকাশ করেন যেখানে দেখা যাচ্ছে যে GE এর আপার হাডসন নদীর PCB দূষণ পরিষ্করণ অসম্পূর্ণ এবং জনস্বাস্থ্য ও পরিবেশের জন্য এটি সংরক্ষণশীল নয়।

নিউ ইয়র্ক স্টেট দাবি করছে যাতে যুক্তরাষ্ট্রের EPA, GE কে সম্পূর্ণ হওয়ার সনদ প্রদান না করে যার ফলে সুপারফান্ড সাইটটি পরিষ্কার করতে GE-এর যে দায়িত্ব তা শেষ হয়ে যাবে, যেহেতু মাছের PCB মাত্রা EPA-এর নিজস্ব ঝুঁকি সীমার থেকে বেশি। এছাড়াও DEC আরেক প্রস্থ পলি সংশোধন প্রয়োজন কিনা তা নির্ণয় করার জন্য GE কে আরো উপাত্ত সংগ্রহ করার নির্দেশ দিতে EPA এর কাছে আবেদন করছে। পাশাপাশি, লোয়ার হাডসনে, যেখানে মাছের PCB ঘনত্ব বের করা হয়নি, সেখানে একটি পূর্ণ তদন্তের অর্থায়ন দেওয়ার জন্য EPA-এর GE কে বাধ্য করতে হবে। যদি GE না বলে, EPA-এর প্রয়োজনীয় কাজের অর্থায়ন করা উচিত।

"হাডসন নদীর মোহনার স্বাস্থ্য এবং এর তীরবর্তী কমিউনিটিসমূহের জীবনীশক্তি ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে এবং কোনোভাবেই EPA-এর উচিত না GE কে কাজটি অসম্পূর্ণ রেখে পার পেয়ে যেতে দেওয়া", **গভর্নর কুওমো বলেছেন।** "নদীগর্ভ ও মাছ উভয়ে PCB-এর মাত্রা যে এখনো অগ্রহণযোগ্যভাবে বেশি তার অভিভূতকারী পরিমাণ প্রমাণ সর্বশেষ নমুনা উপাত্ত নিশ্চিত করে। যদি পরিষ্করণের জন্য EPA সম্পূর্ণ হওয়ার সনদ প্রদান করে তাহলে তাদের ব্যাখ্যা দিতে বাধ্য করার জন্য প্রয়োজনীয় সকল কিছু নিউ ইয়র্ক করবে এবং আমাদের ভালোবাসার নদীটিকে পূর্বের অবস্থায় ফিরিয়ে নেওয়ার জন্য তারা যেন তাদের কর্তব্য পূরণ করে সেই দাবি করবে।"

গভর্নরের নির্দেশনায়, 2017 সালের গ্রীষ্মে PCB অপসারণের জন্য ছয় বছর ধরে করা ড্রেজিং, যা 2002 এর রেকর্ড অব ডিসিশন (Record of Decision, ROD) প্রদত্ত লক্ষ্য অর্জনের জন্য EPA-এর জন্য আবশ্যক ছিল, এর ফলে হওয়া দূষণের প্রকৃতি ও বিস্তৃতি পূর্ণভাবে মূল্যায়ন করতে DEC একটি নমুনা প্রচেষ্টা শুরু করে। সর্বশেষ গবেষণায় পলিমাটি এবং মাছ উভয়ের নমুনা অন্তর্ভুক্ত করা হয়েছে। স্টেটও EPA-এর পাঁচ-বছর রিভিউ এবং ড্রেজিং হাডসন নদীকে জনস্বাস্থ্য ও পরিবেশ সংরক্ষণের জন্য যথেষ্ট পরিমাণ সংশোধন করেছে বলে এর উপসংহারকে প্রত্যাখ্যান করে মন্তব্য পেশ করে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমনেটাল কনজারভেশনের (Department of Environmental Conservation) কমিশনার বেসিল সেগোস বলেন, "একটি সংশোধন যা তার লক্ষ্যে পৌঁছাতে ব্যর্থ হয় তা সংরক্ষণশীল নয়। তারা যেই কাজটি শুরু করেছে তা সম্পূর্ণ করা এবং ড্রেজিং সংশোধন বাছাই যেইসব পরিষ্করণ লক্ষ্য নির্ধারণ করা হয়েছিল তা পূরণ করার জন্য GE কে নির্দেশনা দেওয়া EPA এর আইনগত ও নৈতিক কর্তব্য। এর থেকে কম কোনো কিছু গ্রহণযোগ্য নয়, এবং EPA ও GE যাতে তাদের কাজ সম্পূর্ণ করে জনস্বাস্থ্য, হাডসন নদীর পরিবেশ, ও একটি পরিচ্ছন্ন স্বাস্থ্যকর নদীর উপর নির্ভরশীল কমিউনিটিগুলিকে রক্ষা করে তা নিশ্চিত করতে সকল ধরনের আইনি ব্যবস্থা নিতে নিউ ইয়র্ক প্রস্তুত। কোনো পরিস্থিতিতেই EPA-এর উচিত না GE কে সম্পূর্ণ হয়ে সনদ প্রদান করা।"

কংগ্রেসম্যান এলিয়ট এঞ্জেল বলেন, "ট্রাম্প প্রশাসনের অধীনে EPA-এর কাজ বিপর্যয়ের মতো, এবং হাডসন নদীর PCB পরিষ্করণ যথার্থভাবে না করতে পারা এই এজেন্সির অকার্যকারিতার সর্বশেষ উদাহরণ। আমাদেরকে এটি নিশ্চিত করতে হবে যে ইয়োঙ্কার্স ও হ্যাস্টিংস এর মতো দারুণ সব নদী তীরবর্তী কমিউনিটির কল্যাণে কোর্টের আদেশ অনুযায়ী যাতে হাডসন নদীর সংশোধন ব্যবস্থা সম্পূর্ণ করা হয়। আমাদের পরিবেশের প্রকৃত বন্ধু হিসেবে কাজ করে যাওয়ার জন্য আমি গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই এবং একটি পূর্ণ সংশোধন নিশ্চিত করার জন্য আমি তার সাথে কাজ করতে থাকবো।"

কংগ্রেসওম্যান নিটা এম. লোউই বলেন, "DEC-এর অনুসন্ধানের ফলাফল আরো একবার প্রমাণ করলো যে হাডসন নদীর PCB দূষণ দূর করতে EPA-এর পরিষ্করণ প্রচেষ্টা ব্যর্থ হয়েছে। এই দূষণ হাডসন নদীর আশেপাশের কমিউনিটিসমূহের জন্য একটি চলমান হুমকির মতো। আমি EPA-এর কাছে আবেদন করছি তারা যেন PCB দূষণের ব্যাপারে তাদের দ্বিতীয় পাঁচ-বছর-রিভিউ সম্পূর্ণ করার সময় এই ব্যাপারটি এবং সংগৃহীত সকল উপাত্ত বিবেচনা করে দেখে। হাডসন নদীর দীর্ঘমেয়াদী স্বাস্থ্যের জন্য এবং হাডসন ভ্যালিতে আমাদের কমিউনিটিসমূহের নিরাপত্তা নিশ্চিত করার জন্য আমি লড়াই করে যাবো।"

কংগ্রেসম্যান শন প্যাট্রিক ম্যালনি বলেন, "GE যেই ঝামেলা তৈরি করেছে তা তারা মেটায় নি এবং কোনোভাবেই EPA এর জন্য তাদের ছেড়ে দিতে পারে না। এ ব্যাপারে সবসময় সজাগ থাকার জন্য এবং একটি যথার্থ পরিষ্করণ হওয়ার আগে সম্পূর্ণ হওয়ার সনদ প্রদান না করতে EPA এর প্রতি নিউ ইয়র্কের কংগ্রেশনাল নেতাদের দাবিতে যোগ দেওয়ার জন্য আমি DEC ও গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাচ্ছি। নিরাপদ মাত্রার সংশোধনের কম কোনো কিছু আমরা গ্রহণ করবো না।"

ফেডারেল নেতৃত্বের অভাবে, DEC শত শত নতুন পলির নমুনা সংগ্রহ করে একটি বিস্তৃত বিশ্লেষণ করে, যা নিশ্চিত করে যে হাডসন নদীর পলিমাটিতে উচ্চমাত্রায় PCBs রয়েছে। DEC প্রায় 1,700টি অবস্থান থেকে নমুনা সংগ্রহ করেছে-- অনেক এলাকায় গড় PCB ঘনত্ব পলি পরিষ্করণ প্রকল্পে DEC এর ব্যবহৃত প্রতি মিলিয়নে

এক অংশ থেকে বেশি। সর্বোপরি, নদীর বিভিন্ন স্থানে পলির গড় PCB ঘনত্ব উল্লেখযোগ্য পরিমাণ ভিন্ন পাওয়া গেছে, অর্থাৎ আপার হাডসনে এখনো এমন এলাকা রয়েছে যেখানে PCB দ্বারা দূষিত পলি রয়েছে।

এছাড়াও DEC প্রায় 230টি মাছের নমুনা সংগ্রহ করে এবং ড্রেজিং এর সময় ও ড্রেজিং এর পরে EPA ও GE এর তৈরি করা মাছের উপাত্তও যাচাই করে, এবং এর থেকে দেখতে পায় যে মাছের PCB ঘনত্ব EPA-এর প্রত্যাশিত হারে কমছে না। আপার হাডসনে মাছের গড় PCB ঘনত্ব পরিষ্করণ শুরু করার আগে যা ছিল দুই বছর ড্রেজিং এর পর প্রায় একই আছে। ড্রেজিং এর পর বর্তমান মাছের নমুনায় পাওয়া ঘনত্ব, যা কিনা প্রতি মিলিয়নে 1.2 অংশ, ড্রেজিং এর পাঁচ বছর পর বা 2020 সালে EPA-এর লক্ষ্যমাত্রার থেকে প্রায় তিন গুণ বেশি। পাশাপাশি, DEC দেখেছে যে আপার হাডসনে সংশোধন কাজের ফলে লোয়ার হাডসনের মাছের PCB ঘনত্ব ঠিক হয় নি। মোহনায় বিশেষ করে অ্যালবেনি শহরের দক্ষিণ পাশে, বিগত বেশ কয়েক বছর ধরে PCB-এর ঘনত্ব প্রায় একই আছে এবং এর উন্নতি হওয়ার কোনো লক্ষণ দেখা যাচ্ছে না।

ROD-এর পরিষ্করণ লক্ষ্য অর্জনের জন্য কী পরিমাণ অতিরিক্ত পলি পরিষ্কার করতে হবে তা নির্ণয় করার জন্য, EPA কে অবশ্যই কী করে ROD নির্ধারিত লক্ষ্য সফলভাবে অর্জন করা যায় তা বোঝার জন্য GE কে অতিরিক্ত উপাত্ত সংগ্রহ করতে নির্দেশ দিতে হবে। এছাড়াও, EPA কে আপার হাডসন পলিতে অবশিষ্ট PCBস এবং আপার হাডসনের মাছের PCB ঘনত্বের মধ্যে সম্পর্ক আরো ভালো করে বুঝতে হবে, GE কে কোথায় কোথায় আরও কী পরিমাণ পলি পরিষ্কার করতে হবে তা নির্ণয় করার জন্য।

পাশাপাশি, লোয়ার হাডসনে একটি পূর্ণ তদন্তের অর্থায়ন দেওয়ার জন্য EPA-এর GE কে বাধ্য করতে হবে বা EPA কেই সেই তহবিল দান করতে হবে। EPA স্বীকার করছে যে আপার হাডসনে ড্রেজিং এর ফলে এর লোয়ার হাডসনের উপর কোনো ভালো প্রভাব পড়ে নি। তাদের প্রথম পাঁচ-বছর রিভিউতে EPA বর্ণনা করে যে লোয়ার হাডসনের PCBs এর জন্য মানুষ ও পরিবেশের ঝুঁকি অগ্রহণযোগ্য রয়ে গেছে এবং আপার হাডসনে করা কাজের জন্য সেখানকার কোনো উন্নতি EPA আশা করছে না।

DEC এবং পরিবেশ সংস্থাগুলি EPA-এর হাডসন নদীর পরিষ্করণ সংশোধন ব্যবস্থার পাঁচ-বছর রিভিউ প্রতিবেদনে প্রকাশ করা তথ্য বার বার প্রত্যাখ্যান করেছে। কম্প্রিহেন্সিভ এনভায়রনমেন্টাল রেসপন্স, কম্পেনসেশন, এন্ড লায়াবিলিটি আইন ও ন্যাশনাল কন্টিনজেন্সি প্ল্যান অনুযায়ী, সংশোধন ব্যবস্থা ROD-এর নির্ধারিত লক্ষ্যে পৌঁছায় তা নিশ্চিত করার জন্য কার্যকারিতা পর্যবেক্ষণ করা EPA-এর দায়িত্ব।

যদি সংশোধন ব্যবস্থা ROD এর নির্ধারিত লক্ষ্যে পৌঁছাতে ব্যর্থ হয় তাহলে EPA কে অবশ্যই অতিরিক্ত সংশোধন ব্যবস্থা গ্রহণ করতে হবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন